

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি ২-শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৫১.২০১৬ ১২৯


তারিখঃ ২১ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
০৫ মার্চ, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিতকরণ।

সূত্রঃ জাতীয় মানবাধিকার কমিশনের স্মারক নং- ১৬০১, তারিখ-৩০/০১/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর-এর পদটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ৬২(১) অনুযায়ী সৃজনকৃত পদ, তাঁরা সরকারী বিধি বিধান অনুযায়ী ইউনিয়ন পরিষদের বেতনভুক্ত কর্মচারী হিসেবে নিয়োগ প্রাপ্ত হবেন। কিন্তু ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ কোন বেতনভুক্ত কর্মচারী নন। ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে সেবা প্রদান করে উপার্জিত অর্থ উদ্যোক্তার আয় হিসেবে গণ্য হয়। হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর নিয়োগের কারণে ইউনিয়ন ডিজিটাল সেন্টার-এর উদ্যোক্তাগণের কার্যক্রমের কোন পরিবর্তন করা হবে না এবং তারা নির্বিঘ্নে সেবামূলক কার্যক্রম চালিয়ে যেতে পারবেন। ইতোমধ্যে সেবা কার্যক্রমে যাতে কোন বিঘ্ন না ঘটে এবং অপসারিত উদ্যোক্তাদের পূর্ববহালের লক্ষ্যে ইউপি চেয়ারম্যানদের নির্দেশনা দেয়ার জন্য সকল জেলা প্রশাসককে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর-এর পদটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী সৃজনকৃত পদ এবং সরকারি বিধি-বিধান অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন। এ নিয়োগের কারণে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের নির্বিঘ্নে সেবামূলক কার্যক্রম চালিয়ে যেতে পারবেন মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।


(ড. সৈয়দা নওশীন পারভীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫১৪১৯০

জনাব মোঃ শরীফ উদ্দন
পরিচালক (অভিযোগ ও তদন্ত)
অতিরিক্ত জেলা ও দায়রা জজ)
জাতীয় মানবাধিকার কমিশন, বিটিএমসি ভবন,
(৯ম তলা, ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫)

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।